

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৪৬

তারিখ: ১৭/০৭/২০২৩ খ্রি:

বিষয়: মাঠ পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ডেঙ্গু বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ এবং বন্যা জনিত কারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত বিষয় সরেজমিন মনিটরিং।

১. সূত্র: সাধারণ প্রশাসন শাখা: ৩৭.০২.০০০০.১০১.৯৯.১৫.২৩-১২২০২/৬, তারিখ- ০৬/০৭/২০২৩ খ্রি।
২. সূত্র: কলেজ ও প্রশাসন শাখা: ৩৭.০২.০০০০.১০১.২৩.০০৩.২২-১২৩৭৭/১০, তারিখ- ০৯/০৭/২০২৩ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ দেখা দিয়েছে। সে মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে মাউশি'র আওতাধীন সকল কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান বরাবর একটি নির্দেশনা পত্র জারি করা হয়েছে। এছাড়া সম্প্রতি অতি বৃষ্টির কারণে এবং উজান থেকে নেমে আসা অতিরিক্ত পানির প্রভাবে দেশের কোন কোন স্থানে বন্যার প্রকোপ দেখা দিয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানের জানমালের নিরাপত্তার স্বার্থে মাউশি অধিদপ্তরের আওতাধীন বন্যাকবলিত সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশনা পত্র জারি করা হয়েছে।

উল্লিখিত পত্রদ্বয়ে বর্ণিত নির্দেশনা মোতাবেক তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে ডেঙ্গু প্রতিরোধে কোন ব্যবস্থা নেয়া হয়েছে কিনা/ কোন ব্যবস্থা নেয়া হয়ে থাকলে তার তথ্য এবং বন্যা জনিত কারণে ব্যবস্থা গ্রহণ সম্পর্কিত তথ্য আগামী ২৫/০৭/২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে প্রেরিত গুগল লিংকে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

আঞ্চলিক পরিচালক [সরকারি/বেসরকারি কলেজের তথ্য প্রেরণ করবেন]
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
[মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য প্রেরণ করবেন]

১৭.০৭.২০২৩
(প্রফেসর মো: আমির হোসেন)

পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১১৫.৫২.০০১.১৯. ১৪৬

তারিখ: ১৭/০৭/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/এমইডব্লিউ), মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ (সকল সরকারি কলেজ)
- ৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৪। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ, ঢাকা
- ৬। আঞ্চলিক উপ-পরিচালক (মাধ্যমিক/কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (নির্দেশনা পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৯। অধ্যক্ষ (সকল বেসরকারি কলেজ)
- ১০। প্রধান শিক্ষক (মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি ও বেসরকারি স্কুল)
- ১১। পিএটু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ১২। সংরক্ষণ নথি।

১৭/০৭/২৩
(লাইলুন নাহার)

সহকারী পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা